



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল এম্পায়ার স্টেট সার্ভিস কর্পস প্রোগ্রামের জন্য আবেদন করার ঘোষণা দিয়েছেন

SUNY শিক্ষার্থীদের 500 প্রদত্ত নাগরিক এবং পরিষেবা ইন্টার্নশিপের জন্য [এখানে](#) আবেদন করতে উৎসাহিত করা হয়েছে।

এই শরতের শুরুতে প্রথম কর্পস সদস্যদের সাথে নাগরিক এবং পরিষেবার সুযোগগুলো
প্রচারের জন্য লেফটেন্যান্ট গভর্নর দেলগাদোর নেতৃত্বে SUNY-এর সাথে অংশীদারিত্ব

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে এম্পায়ার স্টেট সার্ভিস কর্পস প্রোগ্রামের (Empire State Service Corps Program) জন্য আবেদনটি চালু হয়েছে তার 2024 স্টেট অভ স্টেট অগ্রাধিকারগুলোর মধ্যে একটিকে এগিয়ে নিয়ে গেছে। লেফটেন্যান্ট গভর্নর আন্তোনিও দেলগাদো বেতনভুক্ত নাগরিক ও পরিষেবার সুযোগগুলো প্রচারের জন্য স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্কের (State University of New York, SUNY) সাথে অংশীদারিত্বে এই উদ্যোগের নেতৃত্ব দেবেন।

“স্টেট সরকারে ইন্টার্ন হিসাবে কাজ করা একটি গঠনমূলক অভিজ্ঞতা ছিল যা নিউ ইয়র্কের জনগণের সেবা করার জন্য আমার আগ্রহকে অনুঘটক করেছিল,” গভর্নর হোকল বলেন। “এম্পায়ার সার্ভিস কর্পসের সাথে আরো তরুণদের জড়িত করার জন্য আমাদের উদ্যোগগুলো প্রসারিত করে আমরা তাদের কল্যাণে এবং সামগ্রিকভাবে আমাদের স্টেটের উন্নতির জন্য একটি অগ্রণী প্রতিশ্রুতি দিচ্ছি।”

“নাগরিক সম্প্রৱৃত্তি এবং সেবার মাধ্যমে সহানুভূতির সাথে নেতৃত্ব দেওয়ার জন্য আমাদের তরুণদের ক্ষমতায়ন করা নিউ ইয়র্কবাসীদের একত্রিত করার কেন্দ্রবিন্দু” লেফটেন্যান্ট গভর্নর দেলগাদো বলেন। “SUNY-এর কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলোতে আমাদের শিক্ষার্থীদের জন্য 500টি নতুন পরিষেবা অবস্থান তৈরি করে, আমরা ভবিষ্যত প্রজন্মের জন্য বিনিয়োগ করছি এবং আমাদের তরুণদের তাদের ক্ষমতার মালিকানা এবং শক্তিশালী কমিউনিটি গড়ে তুলতে সমর্থন করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি।”

SUNY-এর শিক্ষার্থীরা [এখানে](#) আবেদন করতে পারেন। এম্পায়ার স্টেট সার্ভিস কর্পস (Empire State Service Corps)-এর প্রথম সদস্যরা 2024 শরতের সেমিস্টারে শুরু করবে।

SUNY-এর কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে প্রায় 500টি পরিষেবা পদ তৈরি করা হবে, FY25 প্রণীত বাজেটে কমিউনিটি পরিষেবা প্রচেষ্টার উদ্যোগের 2.75 মিলিয়ন মার্কিন ডলার সম্প্রসারণের মাধ্যমে অর্থায়ন করা হবে। কমিউনিটি ভিত্তিক সংস্থা এবং স্থানীয় স্কুল ডিস্ট্রিক্ট শিক্ষাবর্ষের জন্য এম্পায়ার স্টেট কর্পস সদস্যদের হোস্ট করতে আগ্রহী এই লিঙ্কে [এখানে](#) তাদের তথ্য জমা দিতে পারেন।

SUNY চ্যানেলের জন বি কিং জুনিয়র বলেন, “আমরা এম্পায়ার স্টেট সার্ভিস কর্পসের জন্য গভর্নরের দৃষ্টিভঙ্গির প্রশংসা করি এবং এই গুরুত্বপূর্ণ প্রোগ্রামটি চালু করার ক্ষেত্রে লেফটেন্যান্ট গভর্নর দেলগাদোর নেতৃত্বের প্রশংসা করি। নাগরিক শিক্ষা এবং সম্পৃক্ততা উচ্চশিক্ষার অবিচ্ছেদ্য অংশ এবং আমাদের শিক্ষার্থীরা আমাদের সমাজ এবং তাদের নিজস্ব ব্যক্তিগত বিকাশের জন্য জনসেবার আহ্বানে সাড়া দিতে প্রস্তুত।”

প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা বছরে কমপক্ষে 300 ঘণ্টা প্রদত্ত কমিউনিটি পরিষেবাতে উৎসর্গ করবে - ক্যাম্পাসে বা কমিউনিটির মধ্যে - এবং একে অপরের অভিজ্ঞতা ভাগ করে নিতে এবং শিখতে নিয়মিত মিলিত হবে। পরিষেবা কাজটি নিম্নলিখিত ক্ষেত্রগুলোর মধ্যে একটিতে আবদ্ধ হবে:

K-12 টিউটরিং: শিক্ষার্থীরা মহামারী-যুগের বাধাগ্রস্ত শিক্ষা থেকে পুনরুদ্ধারকে সমর্থন করার জন্য নিয়মিত টিউটরিং সেশনের জন্য স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টসমূহের সাথে অংশীদার হবে।

SNAP ও বেসিক নিড আউটরিচ: শিক্ষার্থীরা ক্যাম্পাসে SNAP আউটরিচ সহ শিক্ষার্থীদের সহায়তা করবে, পাশাপাশি ক্যাম্পাসের খাদ্য প্যান্ট্রিতে শিফট সহ মৌলিক প্রয়োজনের সহায়তা সরবরাহ করবে।

সহকর্মীদের মানসিক স্বাস্থ্য: নির্বাচিত ক্যাম্পাসগুলোতে, শিক্ষার্থীদের সহকর্মীদের মানসিক স্বাস্থ্য পরামর্শদাতা হিসাবে পরিবেশন করার প্রশিক্ষণ দেওয়া হবে।
স্থায়ীত্ব: শিক্ষার্থীরা ক্যাম্পাসের ভূমিকায় এবং স্থানীয় অলাভজনক এবং স্টেটের সংস্থাগুলোর সাথে টেকসই কাজ যেমন পুনর্ব্যবহারযোগ্য প্রচারণা, বৃক্ষরোপণ, পরাগরেণু উদ্যয়ন এবং টেকসই প্রচারে পরিবেশন করবে।

ঘৃণা ও পক্ষপাতিত্ব প্রতিরোধ: শিক্ষার্থীরা কমিউনিটির মধ্যে ঘৃণা এবং পক্ষপাত শেষ করার দিকে দৃষ্টি নিবন্ধ করে স্থানীয় অলাভজনক সংস্থার সাথে পরিষেবা প্রদান করবে।
সামাজিক উন্নয়নে অংশগ্রহণ: শিক্ষার্থীরা নির্দলীয় ভোটার প্রচার সহ নাগরিক ব্যক্তিয় স্থানীয় অলাভজনক সংস্থার সাথে পরিষেবা প্রদান করবে। সিভিক এনগেজমেন্ট কর্পস (Civic Engagement Corps) এই মাসের শুরুতে [ঘোষিত](#) আইবিস ফ্রপের (Ibis Group) জনহিতকর সহায়তার মাধ্যমে অর্থায়িত 15 কর্পস সদস্য নিয়ে গঠিত হবে।

FAFSA পূরণ: স্থানীয় হাই স্কুল পরিদর্শন এবং ক্যাম্পাসে কাজের মাধ্যমে, FAFSA সম্পন্ন করতে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য শিক্ষার্থীরা স্থানীয় কমিউনিটিগুলোতে পরিষেবা প্রদান করবে।

এম্পায়ার স্টেট সার্ভিস কর্পস SUNY-এর বিদ্যমান FAFSA কমপ্লিশন কর্পসের (FAFSA Completion Corps) উপর ভিত্তি করে তৈরি হয়, যা বর্তমান SUNY শিক্ষার্থীদের সন্তাব্য শিক্ষার্থী

এবং তাদের পরিবারকে কলেজের আর্থিক সহায়তা এবং SUNY জলবায়ু কর্পস (SUNY Climate Corps)-এর জন্য আপডেট হওয়া ফেডারেল আবেদনটি সম্পূর্ণ করতে সহায়তা করার জন্য একত্রিত করে, যা শিক্ষার্থীদের পরিবেশগত ও টেকসই মিশনের মাধ্যমে স্টেট এজেন্সি গুলোতে ক্লিন প্রযুক্তি, শক্তি, সার্কুলার অর্থনীতি এবং পরিবেশগত খাতে দক্ষতা অর্জনের জন্য বেতনভুক্ত ইন্টার্নশিপের সুযোগ দেয়। নাগরিক শিক্ষা এবং সংশ্লিষ্টতার প্রতি তার পদ্ধতিগত প্রতিশ্রুতির অংশ হিসাবে SUNY তার 64টি ক্যাম্পাস জুড়ে পরিষেবার সুযোগ সম্প্রসারিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

অ্যাসেম্বলিমেম্বার প্যাট্রিসিয়া ফাহি বলেন, "নিউ ইয়র্কের নতুন এম্পায়ার স্টেট সার্ভিস কর্পস কমিউনিটি সার্ভিস এবং আমাদের নাগরিক সেবাকে শক্তিশালী করার দিকে মনোনিবেশ করে শিক্ষার্থীদের জন্য সুযোগের দ্বার উন্মুক্ত করবে। ঘেরানো শিল্পে, ইন্টার্নশিপের অভিজ্ঞতা অর্জন আপনার স্নাতকোত্তর চাকরি সন্ধান বা কর্মসংস্থানের অফার পাওয়ার সন্তানাগুলোকে ডেলাইখয়োগ্যভাবে উন্নত করে। নাগরিক এবং কমিউনিটির পরিষেবা-ভিত্তিক প্রকল্পগুলোতে এই সুযোগগুলো ফোকাস করা নিশ্চিত করবে যে শিক্ষার্থীরা স্নাতকের পথে সংযোগ তৈরি করে এবং অভিজ্ঞতা অর্জন করে এবং শেষ পর্যন্ত তাদের ক্যারিয়ারে এটি বহন করে। শিক্ষার্থীদের সাফল্য এবং পরীক্ষামূলক শিক্ষার সুযোগগুলোতে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য লেফটেন্যান্ট গভর্নর দেলগাদো এবং চ্যান্সেলর কিংকে কুর্নিশ।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির ঘেরানো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে এবং এটি একটি মার্কিন এনার্জি জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। 2023 অর্থবছরে পুরো সিস্টেমের গবেষণার ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, এর মধ্যে শিক্ষার্থী ও অনুষদের ডেলাইখয়োগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। কিভাবে SUNY সুযোগ সৃষ্টি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu-এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন